দৈনিক ইনকিলাব

তারিখ .. 14 MAY 1994 ....
পৃষ্ঠা ... ১২ ... কলাম .. ৫ ...

22

# কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আজ প্রতীক কর্ম বিরতি

কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আজ (শনিবার) প্রতীক কর্মবিরতি পালন করবেন। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কারণে আইনানুগ ব্যবস্থা নেয়ায় ছাত্রদের উচ্ছৃংখল আচরণের প্রতিবাদ ও দুই জন শিক্ষকের কক্ষ ভাংচুরকারীদের শাস্তির দাবীতে শিক্ষকরা এ কর্মসূচী পালন করবেন। শিক্ষকরা আজ একটি মৌন মিছিল বের করবেন। দোষীদের শাস্তি না দেয়া পর্যন্ত শিক্ষকরা তৃতীয় বর্ষ প্রকৌশল শ্রেণীর বার্ষিক পরীক্ষা গ্রহণ থেকে বিরত থাকবেন। বৃহস্পতিবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার দাবী জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তি।